

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ১/কনি-২য় খন্ড/১০৩

তারিখ : ০৩/০৬/২০২১

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ

বিষয় : ২০১৯- ২০২০ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমতিপ্রাপ্ত সকল কলেজের অধ্যক্ষ বা তাঁর প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর সত্যায়িত করে প্রেরিত প্রত্যয়নকৃত ব্যক্তি) এর মাধ্যমে গ্রহণ ও জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।


ঃ নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদানের তারিখ নিম্নরূপঃ

১।	নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	১০/০৬/২০২১	বগুড়া
		১৩/০৬/২০২১	সিরাজগঞ্জ
		১৪/০৬/২০২১	পাবনা
		১৫/০৬/২০২১	নাটোর
		১৬/০৬/২০২১	নওগাঁ
		১৭/০৬/২০২১	জয়পুরহাট, নবাবগঞ্জ
		২০/০৬/২০২১	রাজশাহী
২।	বই আকারে বাঁধাই করে নিবন্ধন কার্ড বোর্ডে জমা দানের তারিখ	২৬/০৭/২০২১	বগুড়া, নাটোর
		২৭/০৭/২০২১	পাবনা, নওগাঁ
		২৮/০৭/২০২১	সিরাজগঞ্জ, জয়পুরহাট
		২৯/০৭/২০২১	রাজশাহী, নবাবগঞ্জ
৩।	সীল মোহর যুক্ত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	২৩/০৮/২০২১	বগুড়া, নাটোর
		২৪/০৮/২০২১	পাবনা, নওগাঁ
		২৫/০৮/২০২১	সিরাজগঞ্জ, জয়পুরহাট
		২৬/০৮/২০২১	রাজশাহী, নবাবগঞ্জ

মুদ্রণকৃত নিবন্ধন কার্ড বোর্ড থেকে গ্রহণ ও জমা দেয়ার পূর্বে নিম্ন বর্ণিত নির্দেশাবলী অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে :-

- ১। গ্রহণকৃত সমস্ত নিবন্ধন কার্ড নিবন্ধন নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মুড়ির অংশটুকু হার্ডবোর্ড ও কাপড় দিয়ে বই আকারে বেঁধে একসঙ্গে জমা দিতে হবে। ১০০ (একশত) এর বেশী কার্ড বই আকারে বাঁধা যাবে না। কোন ক্রমেই নিবন্ধন কার্ড কলেজে রাখা যাবে না। প্রবলেম তালিকায় প্রকাশিত শিক্ষার্থীর প্রয়োজনীয় ভর্তির ডাটা জমা দানের শেষ তারিখ ২৯/০৭/২০২১।
- ২। যে সকল শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অন্য বোর্ডের ছাড়পত্রের মাধ্যমে অত্র বোর্ডের আওতাধীন কলেজে ভর্তি হয়েছে, তাদের পূর্ববর্তী বোর্ডের মূল নিবন্ধন কার্ড ও ছাড়পত্রের আদেশের ফটোকপি ফরওয়ার্ডিংসহ জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করা যাবে।
- ৩। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি অথবা নাম, পিতার নাম, মাতার নামের আক্ষরিক ও বিষয় কোড ভুল হলে নিবন্ধন কার্ড ফটোকপি করে ফটোকপিতে লাল কালি দিয়ে ভুল অংশ কেটে সঠিক তথ্য লিখে ২ সেট আবেদন টটলিষ্টের ফটোকপিসহ ২৯/০৭/২০২১ তারিখের মধ্যে কলেজ নিবন্ধন শাখায় শিক্ষার্থী প্রতি (১৫০/- + জরুরী ফি ১০০/-) সর্বমোট = ২৫০/- টাকা হারে ফি জমা দিয়ে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে। পরীক্ষা চলাকালিন সময়ে নিবন্ধন কার্ড ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/- সর্বমোট = ১,০০০/- টাকা সোনালী সেবা করে শুধু মাত্র বিষয় কোর্ড সংশোধন করা যাবে।
- ৪। স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে বিজ্ঞপ্তির নির্ধারিত দিনে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও জমা করতে হবে।

বি: দ্র: অনিবার্য কারণ বশত: নির্ধারিত তারিখের মধ্যে নিবন্ধন কার্ড গ্রহণ/জমাদান সম্ভব না হলে পরবর্তীতে সময়সূচী জানানো হবে।

  
প্রফেসর মোঃ হাবিবুর রহমান  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
টেলিফোন-০৭২১-৭৭৫৯৬৩

তারিখ : ০৩/০৬/২০২১

স্মারক নম্বর : ১/কনি-২য় খন্ড/১০৩

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলঃ

- ১। পি.এস টু চেয়ারম্যান / সচিব/ পরীক্ষা নিয়ন্ত্রক/ উপ-পরিচালক (হিঃ ও নিঃ)/ প্রধান মূল্যায়ন অফিসার (চ: দা:)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:)
- ২। অফিস কপি।

  
নেসার উদ্দিন আহমেদ

উপ- কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
টেলিফোন-০৭২১-৭৭৫৯৪২